

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
পাংশা , রাজবাড়ী।

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রোকেয়া বেগম , উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পাংশা , রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে , বিশ্বকবি রবীন্দ্র নাথ ঠাকুরের ১৫৮ তম জন্মবার্ষিকী সোমবার। বাঙালীর জীবনের এই স্মরণীয় দিনটি ঘিরে সকল জরাজীর্ণ পেছনে ফেলে নতুন বছরের আগমনের সঙ্গে বিশ্বকবির জন্মতিথিকে নতুনচিত্তে ভাবার জন্য ধুয়েমুছে প্রস্তুত করা হয়েছে। অনুষ্ঠান মালার মধ্যে রয়েছে, বেলা ২টা ৩০ মিনিটে উপজেলা হল রুমে উদ্বোধনী অনুষ্ঠান, “মানুষের ধর্মঃ রবীন্দ্র নাথ ও সমকালীন প্রাসঙ্গিতা” শীর্ষক স্মারক আলোচনা অনুষ্ঠান , আবৃত্তি, নাচ-গানসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।</p> <p>সাম্য, মানবতা ও শোষিত মানুষের মুক্তির বার্তা নিয়ে আসা আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকী আজ। বিনম্র শ্রদ্ধা ও গভীর ভালবাসায় দিনটি উদযাপন করা হবে। এ বছর কবির জন্মবার্ষিকী উদযাপনের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে ‘সাম্যবাদ ও উপনিবেশবাদ বিরোধী সৈনিক নজরুল’। তিনি ১৩০৬ বঙ্গাব্দের ১১ জ্যৈষ্ঠ পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোলার জামুরিয়া থানার চুরুলিয়া গ্রামে জন্মেছিলেন। তার ডাক নাম ‘দুখু মিয়া’। পিতার নাম কাজী ফকির আহমেদ ও মাতা জাহেদা খাতুন। মূলত বিদোহী হলেও নজরুল ছিলেন চির তারুণ্য ও প্রেমের কবি। তার মধ্যে একই সঙ্গে দ্রোহ ও প্রেমের এক অপূর্ব সমন্বয় ঘটেছিল। আয়োজনে করা হবে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান থাকবে। জাতীয় কবির জন্মবার্ষিকী উপলক্ষে স্মরণিকা ও পোস্টার তৈরী এবং কাজী নজরুল ইসলামকে বর্তমান প্রজন্মের সাথে পরিচিত করার লক্ষ্যে কবির ছবি, পোস্টার ও বই প্রদর্শনীর আয়োজন করা হবে। বই প্রদর্শনী, কবিতা পাঠ প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে।</p>	<p>সংস্কৃতি কার্যক্রমের পরিধি বাড়াতে বিভিন্ন আয়োজনের মাধ্যমে এর ব্যাপক প্রচার কার্য চালানোর জন্য সিদ্ধান্ত হয়।</p> <p>মৌরাট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব বিবেচনা পূর্বক প্রতিভান শিল্পীদের খুঁজে বেড় করতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রোকেয়া বেগম)

(রোকেয়া বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ পাংশা , রাজবাড়ী।

তারিখঃ ২৫/০৬/ ২০২৩





স্মারক নং যুব / পাংশা/ ২০২৩-৯৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার , রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা , রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা , রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা , রাজবাড়ী।

(স্বাক্ষর)
উপজেলা যুব উন্নয়ন অফিসার
পাংশা , রাজবাড়ী।

২৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষরিত
১.	মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাংশা।	সভাপতি	
২.	চেয়ারম্যান হাবাসপুর ইউনিয়ন পরিষদ	সদস্য	
৩.	চেয়ারম্যান যশাই ইউনিয়ন পরিষদ	সদস্য	
৪.	চেয়ারম্যান বাবুপাড়া ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৫.	চেয়ারম্যান মাছপাড়া ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৬.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পাংশা, রাজবাড়ী।	সদস্য সচিব	